

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

নওয়াবেকী বিড়লাক্ষী কাদেরিয়া ফাজিল (ডিগ্রি) মাদ্রাসা
نوابنكى برالاخى قادري فاضل (دگری) مدرسه
NAWABENKI BIRALAXMI KADERIA FAZIL (DEGREE) MADRASAH

“ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত”

ডাকঘর : নওয়াবেকী, উপজেলা : শ্যামনগর, জেলা : সাতক্ষীরা।


সূত্র : ন/ম - ৩২/২২
বরাবর,

পরিদর্শক

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

ঢাকা।

তারিখ: ০৫/০৭/২০২২ খ্রী:



বিষয়ঃ সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলাধীন “নওয়াবেকী বিড়লাক্ষী কাদেরিয়া ফাজিল (ডিগ্রি) মাদ্রাসার” ফাজিল
স্নাতক
(পাস) এর অধিভুক্তির জন্য আবেদন প্রসঙ্গে।

জনাব,

যথাবিহিত সম্মান প্রদর্শনপূর্বক সবিনয় নিবেদন এই যে, সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলাধীন “নওয়াবেকী বিড়লাক্ষী কাদেরিয়া ফাজিল (ডিগ্রি) মাদ্রাসাটি” ১৯৬৮ সালে প্রতিষ্ঠিত হইয়া অদ্যাবধি দক্ষ শিক্ষক শিক্ষিকা দ্বারা যথেষ্ট সুনামের সহিত পাঠদান ও উপযুক্ত গভর্ণিং বডি দ্বারা পরিচালিত হইয়া আসিতেছে। মাদ্রাসাটি বিগত ইংরেজি ২৯/১১/২০১৮ তারিখের ইআবি/পরি/ফাজিল-প্রা.পা/২০১৬/৬২৮৭ নং স্মারকের অফিস আদেশে ফাজিল (স্নাতক) স্তরে প্রাথমিক পাঠদানের অনুমতি লাভের পর হইতে ফাজিল স্তরে পাঠদান অব্যাহত রহিয়াছে। বর্তমানে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নির্দেশনায় মাননীয় শিক্ষা মন্ত্রী জনাব ডাঃ দিপু মনি শিক্ষা ব্যবস্থার আধুনিকায়নের মাধ্যমে জনগণের দোরগোড়ায় উচ্চশিক্ষা পৌঁছাইয়া দিতে বদ্ধপরিকর। ইতোমধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর “শিক্ষা সহায়তা তহবিল” এর মাধ্যমে পল্লী এলাকায় মেয়েদের স্নাতক পর্যায়ে পড়ালেখার সুযোগ সৃষ্টির ফলে গ্রামাঞ্চলে নারীদের উচ্চ শিক্ষার হার বৃদ্ধি পাইয়াছে। বর্তমান শিক্ষাব্যবস্থার সরকারের লক্ষ্যই হচ্ছে উচ্চ শিক্ষার হার বৃদ্ধির মাধ্যমে দেশের মান উন্নয়ন করা। সে লক্ষ্যে শ্যামনগর উপজেলার গাবুরা, পদ্মপুকুর, বুড়িগোয়ালিনী, মুঙ্গিগঞ্জ, কাশিমাড়ী ইউনিয়ন এর মধ্যবর্তী আটলিয়া ইউনিয়নের প্রাণকেন্দ্রে অবস্থিত প্রাচীনতম ঐতিহ্যবাহী বাজার, শ্যামনগর উপজেলার সরকার স্বীকৃত বাণিজ্যিক এলাকা নওয়াবেকী বাজারের সন্নিকটবর্তী “নওয়াবেকী বিড়লাক্ষী কাদেরিয়া ফাজিল (ডিগ্রি) মাদ্রাসাটির” অবস্থান। অত্র প্রতিষ্ঠানের যাতায়াত ব্যবস্থা উন্নত। প্রতিষ্ঠানটিতে মজবুত গেট সম্বলিত চতুর্দিকে সুউচ্চ প্রাচীর বিদ্যমান। প্রতিষ্ঠানে পাকা, আধাপাকা নিজস্ব ভবন রহিয়াছে। শ্রেণিকক্ষের মান যথেষ্ট সন্তোষজনক। প্রতিষ্ঠানটিতে বর্তমানে ১০২৩ জন ছাত্র-ছাত্রী অধ্যয়নরত। প্রতিবছর বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রী জেডিসি, দাখিল, আলিম ও ফাজিল পরীক্ষায় অংশগ্রহণ করিয়া কৃতিত্বের সহিত পরীক্ষায় উত্তীর্ণ হয়। অত্র উপজেলায় মাদ্রাসাটির যথেষ্ট সুনাম রহিয়াছে। “নওয়াবেকী বিড়লাক্ষী কাদেরিয়া ফাজিল (ডিগ্রি) মাদ্রাসাটি” সরকার কর্তৃক এমপিওভুক্তির শুরু থেকেই দাখিল ও আলিম পর্যায়ে এমপিওভুক্ত রহিয়াছে। মাদ্রাসাটি চতুর্দিকে কয়েকটি দাখিল মাদ্রাসা থাকায় আলিম স্তরে ছাত্র-ছাত্রীর সংখ্যা তুলনামূলক বেশি। মাদ্রাসাটি ফাজিল স্নাতক (পাস) স্তরে অধিভুক্ত হলে গ্রামাঞ্চলের ছাত্র-ছাত্রীরা কম খরচে উচ্চশিক্ষা অর্জনের সুযোগ পাইয়া উপকৃত হইবে যাহা এলাকার শিক্ষার মানোন্নয়নে এবং উপজেলার উচ্চ শিক্ষার হার বৃদ্ধিতে যথেষ্ট ভূমিকা রাখিতে সক্ষম হইবে। উল্লেখ্য যে মাদ্রাসার গভর্ণিং বডির বিগত ইং ০৯/০৫/২০২২ তারিখের ০৫/২২ নং অধিবেশনে প্রতিষ্ঠানটিকে ফাজিল স্নাতক (পাস) অধিভুক্তির আবেদনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে। বিধি অনুযায়ী সকল কাগজ সংযুক্তপূর্বক অত্র মাদ্রাসাটিতে ফাজিল স্নাতক (পাস) এর অধিভুক্তির জন্য আবেদন জানাইতেছি।

অতএব, মহোদয় সমীপে প্রার্থনা “নওয়াবেকী বিড়লাক্ষী কাদেরিয়া ফাজিল (ডিগ্রি) মাদ্রাসাটিতে” ফাজিল স্নাতক (পাস) স্তরে অধিভুক্তির ক্ষমতা প্রাপ্ত হইয়া গ্রহণ করিতে আপনার একান্ত মর্জি হয়।

কাজী আরিফুর রহমান
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
সাতক্ষীরা।

সত্যায়িত
মোঃ আহিদুজ্জামান
অধ্যক্ষ

নওয়াবেকী বিড়লাক্ষী কাদেরিয়া ফাজিল (ডিগ্রি) মাদ্রাসা
ডাকঘর: নওয়াবেকী, উপজেলা: শ্যামনগর, জেলা: সাতক্ষীরা।
মাদ্রাসা কোড-১৫৩২ EIAN ১১৮৪৫৬

মোঃ আহিদুজ্জামান
অধ্যক্ষ
তারিখ: ০৫/০৭/২০২২

নওয়াবেকী বিড়লাক্ষী কাদেরিয়া ফাজিল (ডিগ্রি) মাদ্রাসা
ডাকঘর: নওয়াবেকী, উপজেলা: শ্যামনগর, জেলা: সাতক্ষীরা
মাদ্রাসা কোড- ১৫৩২, EIAN- ১১৮৪৫৬
জোবাইল নং- ০১০০৯-১১৮৪৫৬, ০১০১৬-৮০৮৮০০
মোঃ আহিদুজ্জামান
অধ্যক্ষ



মাদরাসা পরিদর্শন দফতর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়



www.iau.edu.bd iaudhaka@gmail.com

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

স্মারকঃ ইআবি/পরি/ফাজিল-প্রা.পা/২০১৬/৬২৮৭

তারিখঃ

১৫ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ

২৯ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ


অফিস আদেশ

ফাজিল (স্নাতক) প্রাথমিক পাঠদান অনুমতির বিষয়ে নওয়াবেকী বিড়লাফী কাদেরিয়া আলিম মাদরাসা, ডাকঘর: নওয়াবেকী, উপজেলা: শ্যামনগর, জেলা: সাতক্ষীরা এর অধ্যক্ষের ২৫.১০.২০১৬খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি সংক্রান্ত অর্ডিন্যান্সের ক. ৫ (৫.৩) ধারা অনুযায়ী গঠিত ০৩ (তিন) সদস্য বিশিষ্ট পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিশ্রেক্ষিতে অধিভুক্তি সংক্রান্ত অর্ডিন্যান্সের ক. ৫ (৫.৪) ধারা মোতাবেক উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে নিম্নোক্ত শর্তে বর্ণিত মাদরাসায় ২৯.১১.২০১৮ খ্রি. তারিখ থেকে ২৮.১১.২০২২ খ্রি. তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য ফাজিল (স্নাতক) বি.এ স্তর প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হলঃ

শর্তসমূহ

১. ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষ থেকে ফাজিল (স্নাতক) বি.এ শিক্ষা কার্যক্রম চালু হবে।
২. অর্ডিন্যান্স মোতাবেক অখন্ড জমির পরিমাণ বৃদ্ধি করতে হবে।
৩. গ্রন্থাগার পাঠ সংশ্লিষ্ট এবং সৃজনশীল গ্রন্থ দ্বারা সমৃদ্ধ করতে হবে এবং শিক্ষক ও শিক্ষার্থীদের ব্যবহার বৃদ্ধি করতে হবে।
৪. জাতীয় দিবসগুলোতে বিষয় ভিত্তিক আদোচনা ও প্রতিযোগিতার আয়োজন করতে হবে।
৫. শিক্ষার্থীর সংখ্যা অবশ্যই বৃদ্ধি করতে হবে এবং শ্রেণিকক্ষে কমপক্ষে ৭০% উপস্থিতি নিশ্চিত করতে হবে।
৬. শিক্ষার্থীদের পোশাক পরিচ্ছদ পরিপাটি ও মাদরাসার শিক্ষার্থীসুলভ হতে হবে।
৭. বিশ্ববিদ্যালয়ের অর্ডিন্যান্স মোতাবেক কমিটি গঠন করতে হবে।
৮. অর্থ ও প্রশাসন সংক্রান্ত সকল কার্যক্রম স্পষ্টভাবে বিধি মোতাবেক সম্পন্ন করতে হবে।
৯. ফাজিল (স্নাতক) বি.এ স্তর পাঠদানের জন্য সংশ্লিষ্ট বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধির উপস্থিতিতে দ্রুত শিক্ষক নিয়োগের ব্যবস্থা করতে হবে।
১০. প্রাথমিক পাঠদানের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে।

সত্যায়িত


০৭/০৮/১৬

মোঃ অহিদুজ্জামান

অধ্যক্ষ

নওয়াবেকী বিড়লাফী কাদেরিয়া ফাজিল (ডিগ্রি) মাদরাসা
ডাকঘর: নওয়াবেকী, উপজেলা: শ্যামনগর, জেলা: সাতক্ষীরা।
মাদরাসা কোড-১৫৭২ EINN ১১৮৯৬৬
ইমেইল: P- ৩৫২০৫৯, মোবাইল: ০১৩০৯-১১৮৯৬৬

অধ্যক্ষ


নওয়াবেকী বিড়লাফী কাদেরিয়া আলিম মাদরাসা

ডাকঘর: নওয়াবেকী, উপজেলা: শ্যামনগর, জেলা: সাতক্ষীরা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলঃ

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, সেভেন-০৩, ৩৭/৩/এ ইন্টারন্যাশনাল রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আব্দুল গনি রোড, ঢাকা-১২১১।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৪। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কাউন্সিলের সভায় রিপোর্ট করার জন্য)।
- ৫। পিএস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৭। সভাপতি, নওয়াবেকী বিড়লাফী কাদেরিয়া আলিম মাদরাসা, ডাকঘর: নওয়াবেকী, উপজেলা: শ্যামনগর, জেলা: সাতক্ষীরা।
- ৮। অফিস নথি।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে


২৯.১১.২০১৮

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা